

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। পূর্ব অনুমোদিত দরের কপি।
৩। প্রাক্কলনের কপি।

বিষয় : মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান সুয়ার লাইনের ১ম পর্যায় মাস ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতি সংগ্রহ করণ কাজের খরচের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন এলাকায় ১৬২ কি.মি. দীর্ঘ বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইন বিদ্যমান রয়েছে। উক্ত লাইনগুলি বহু পুরাতন এবং ছোট ছোট অলি গলিতে লাইন থাকায় নিরবিচ্ছিন্ন পয়ঃ প্রবাহ রাখার প্রয়োজন হয়। ঘনবসতিপূর্ণ এলাকা এবং অপ্রতুল ব্যাসের পয়ঃ লাইন হওয়ায় প্রায়ই লাইনে ব্লক দেখা দেয়। বাৎসরিক পয়ঃ লাইন পরিষ্কার করা হলে সারা বছর অভিযোগ কম থাকে। বিদ্যমান পয়ঃলাইন সচল রাখার জন্য প্রতি বছর মাস ক্রিনিং কাজ করা আবশ্যিক। ইতিমধ্যে Force Account এর মাধ্যমে দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করে ১ম পর্যায়ের মাস ক্রিনিং কাজ সম্পাদন করার জন্য উপস্থাপিত নথি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হয়েছে। ১ম পর্যায়ের মাস ক্রিনিং কাজ করার জন্য আনুষঙ্গিক মালামাল ও যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন। সেই লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় করার জন্য পূর্বে অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। যাহাতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়াইয়াছে টাঃ=২৪,৮২৫/- (চব্বিশ হাজার আটশত পঁচিশ) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৭৭ এর সুয়ার লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে।

০২। এমতাবস্থায়, অত্র জোনের পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা সচল রাখার জন্য ১ম পর্যায়ে মাস ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতি সংগ্রহ কাজের জন্য পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় পদ্ধতি অনুসরণে কাজটি সম্পন্ন করার নিমিত্তে টাঃ=২৪,৮২৫/- (চব্বিশ হাজার আটশত পঁচিশ) টাকা মাত্র সদয় অনুমোদনের জন্য নথি খানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে উক্ত ব্যয় সমন্বয় করা হবে।

৬৭/মডস জোন-২
০৫/০৬/২৫

০৫/০৬/২৫
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

০৫/০৩/২০২৫
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

০৫/০৩/২৫
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

SE (MDS-1)

০৫/০৬/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৬/০৩/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।